উল্লাপাড়া উপজেলা পরিষদের ফেব্রুয়ারী-২০২২ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ শফিকুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, উল্লাপাড়া।

সভার তারিখ ঃ ২৭-০২-২০২২ খ্রিঃ। সময় ঃ সকাল ১১.০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট " ক " তে এবং উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তাদের উপস্থিতি তালিকা পরিশিষ্ট " খ " তে সংযুক্ত।

সভায় উপস্থিত উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া মহোদয়কে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানান।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	গত সভার কার্যবিবরণী অনুমোদন	জানুয়ারী/২০২২ মাসের কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অদ্যকার সভায় তা অনুমোদন করা হলো।	সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি
০২	গত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা	জানুয়ারী/২০২২ মাসের মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নাধীন আছে।	সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি
০৩	**অর্থ বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটি ঃ** উপজেলা প্রকৌশলী, সভায় অবহিত করেন যে, অত্র উপজেলার অনুকূলে ২০২১-২২ অর্থ বৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় ১ম, ২য় ও ৩য় কিস্তি বাবদ থোক বরাদ্দ হিসাবে প্রাপ্ত ৮১.৬০ লক্ষ টাকা ও অবশিষ্ট ১কিস্তি বাবদ সম্ভাব্য ২৭.২০ লক্ষ টাকাসহ মোট ১০৮.৮০ লক্ষ টাকা ও রাজস্ব উন্নয়ন খাতে ৩০৪.০৬ লক্ষ টাকা বিপরীতে বিভিন্ন ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদের বিভিন্ন কমিটি হতে জনগুরুত্বপূর্ণ প্রকল্পসমূহ জানুয়ারী, ২০২২ মাসের মাসিক সভায় অনুমোদিত হয়েছে । এডিপি ও ইউডিএফ বরাদ্দের অব্যায়িত অর্থ হতে ১% তদারকি ব্যয় এবং ০.৫% আনুষাংগিক ব্যয় পরিশোধের বিষয়ে প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	বিধি মোতাবেক ১% তদারকি ব্যায় ও ০.৫% আনুষাঙ্গীক ব্যায় বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা রাজস্ব উন্নয়ন খাত হতে ব্যবহারের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।	উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া
	উপজেলা প্রকৌশলী আরও জানান, পিইডিপি-৪ প্রকল্পের আওতায় সলঙ্গা দিঘর নবগ্রাম এবং বাখুয়া তিনটি বিদ্যালয়ের অগ্রগতি যথাক্রমে ০%, ০% এবং ৩০%। বিদ্যালয় তিনটি নির্দিষ্ট সময়ের মধ্যে ঠিকাদার সম্পন্ন করতে ব্যর্থ হয়েছে এবং পত্রের মাধ্যমে অবহিত করলেও মালামাল ও জনবল বৃদ্ধি করতে কোন উদ্যোগ গ্রহণ করেন নাই।	সর্বসম্মতিক্রমে বিদ্যালয় তিনটি বাতিল করে নতুনভাবে দরপত্র আহবান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়াকে অনুরোধ করা হলো।	উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া
০৪	**মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি ঃ** উপজেলা পর্যায়ের মাধ্যমিক বিদ্যালয়সমূহে অনলাইন পাঠদান কার্যক্রম অব্যাহত আছে। তবে শীঘ্রই বিদ্যালয়গুলো নিয়মিত পাঠদানের জন্য খুলে দেওয়া হবে মর্মে আশা করা হচ্ছে।	অনলাইন পাঠদান কার্যক্রম নিয়মিত তদারকি নিশ্চিত করতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া
০৫	**কৃষি ও সেচ বিষয়ক কমিটি ঃ** চলতি রবি মৌসুমে নির্বিঘ্নে বোরো চাষ করার জন্য মাঠ পর্যায়ে কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া নিম্নোক্ত লক্ষ্যমাত্রা অনুযায়ী বিভিন্ন প্রযুক্তি ব্যবহারের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিয়মিতভাবে কার্যক্রম চালিয়ে যাচ্ছে। জৈব সার ব্যবহার ১০%, সুষম সার ব্যবহার ৬০%, সঠিক	নির্বিঘ্নে রোবো চাষ ও ফসলের উৎপাদন বৃদ্ধিতে পাঠ পর্যায়ে বিভিন্ন প্রযুক্তি বাস্তবায়নে নিয়মিতভাবে কাজ চলমান রয়েছে। এছাড়া রাজস্ব উন্নয়ন খাতের আওতায় বিভিন্ন প্রকল্পের	উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া

	বয়সের চারা রোপন ৮০% পার্চিং ১০০%, সারিতে চারা রোপন ৬০% । রবি ২০২২ মৌসুমে অত্র উপজেলায় বোরো চাষাবাদের লক্ষ্যমাত্রা ৩০২৪০ হেক্টর।	প্রদর্শন ও প্রশিক্ষন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের নিমিত্ত কার্যক্রম চলমান রাখতে হবে	
০৬	**প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি ঃ** উপজেলা শিক্ষা অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। প্রাথমিক বিদ্যালয়গুলোতে আগামী ০১-০৩-২০২২ তারিখ হতে ক্লাস শুরু করা হবে। করোনা প্রতিরোধে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা ও প্রধান শিক্ষকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।	করোনা প্রতিরোধের বিষয়টি নিশ্চিত করতে হবে এবং নিবিড় তদারকি নিশ্চিত করতে হবে	উপজেলা শিক্ষা কর্মকর্তা
০৭	**মৎস্য ও প্রাণি সম্পদ বিষয়ক কমিটি ঃ** **প্রাণি সম্পদ বিভাগ ঃ** উপজেলা প্রাণি সম্পদ দপ্তরের আওতায় প্রাণি চিকিৎসা, চিকা প্রদান কার্যক্রম, প্রশিক্ষণ, জাত উন্নয়ন সহ যাবতীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। **মৎস্য বিভাগ ঃ** রাজস্ব বাজেটের আওতায় বাঙ্গালা, উধুনিয়া, কয়ড়া ইউনিয়নে মোট ০৫ টি বিল নার্সারি বাস্তবায়ন করা হবে। পঞ্চক্রোশী ইউনিয়নে ০১ টি মৎস্য অভয়াশ্রম মেরামত করা হবে।	বর্ষা শুরু হওয়ার পূর্বেই বিল নার্সারি কার্যক্রম শুরু করতে হবে এবং যথাযথভাবে অভয়াশ্রম বাস্তবায়ন করতে হবে।	উল্লাপাড়া উপজেলা মৎস্য কর্মকর্তা
০৮	**যুব ও ক্রীড়া বিষয়ক কমিটি ঃ** তিনি বলেন উপজেলা যুব উন্নয়ন দপ্তরের মাধ্যমে ০২টি ব্যাচে ব্লক প্রিন্টিং ও গরু মোটাতাজাকরণের বিষয়ে ৬০ জন যুব ও যুব মহিলাদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া ১৭ জন যুব ও যুব মহিলার মাঝে ৭৭০০০০/- টাকার যুব ঋণ বিতরণ করা হয়েছে। এছাড়া ৩০জন যুব ও যুর মহিলাদেও মাঝে জনসচেতনতামূলক (জঙ্গিবাদ, মাদক, বাল্য বিবাহ) বিষয়ে সলঙ্গা ইউনিয়নে চক চৌবিলা গ্রামে এক দিনের প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। এছাড়া ৭ জন যুবককে গবাদি পশু পালন এর উপর প্রশিক্ষণ প্রদানের জন্য সিরাজগঞ্জ যুব প্রমিক্ষণ কেন্দ্র এবং ৪ জন যুববকে ড্রাইভিং প্রশিক্ষণের জন্য পাবনা যুব প্রশিক্ষন কেন্দ্রে পাঠানো হয়েছে।	উপজেলা যুব উন্নয়ন দপ্তরের প্রশিক্ষণ কার্যক্রম একটি সার সংক্ষেপ অর্থ বছরের শুরুতেই উপজেলা পরিষদে প্রেরণ নিশ্চিত করতে হবে।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া
০৯	**পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি ঃ** **১। পল্লী উন্নয়ন বিভাগ :** জানুয়ারী, ২০২২ মাসে মোট ঋণ বিতরণ ৫৫.৫৭ লক্ষ টাকা এবং আদায় ২১.৮১ লক্ষ টাকা। এছাড়া পিআরডিপি - ৩ প্রকল্পের আওতায় ছোট ছোট রাস্তার কাজ চলমান আছে।	সকল ধরনের ঋণ প্রদান কার্যক্রমে স্বচ্ছতা বজায় রাখতে হবে।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
	২। সমবায় বিভাগ : বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা সমবায় সমিতি গঠনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন।	উদ্যোক্তা মহিলাদের সমবায় সমিতির সদস্য হিসেবে গ্রহণ করতে হবে।	উপজেলা সমবায় কর্মকর্তা
১০	**বাজার মূল্য পর্যবেক্ষন ও মনিটরিং বিষয়ক কমিটি ঃ** অত্র উপজেলায় মোট ৪৮৪.০০ মেঃ টন আমন ধান/২২ সংগ্রহের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে তন্মধ্যে ৫১.০০ মেঃ টন ধান সংগ্রহ করা হয়েছে। অবশিষ্ট ৪৩৩.০০ মেঃ টন ধান সংগ্রহের অপেক্ষায় আছে। ২। ১১৯৮ মেঃ টন মূল এবং ২৪৪৬.৪৮০ মেঃ টন পুন+ অতিরিক্তসহ	ধান, গম ও চাল ক্রয়ের সময় গুনগত মান নিশ্চিত করতে হবে।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

	মোট ১৩৭৪.২৪০ মেঃ টন চাল আমন/ ২০২১-২০২২ মৌসুমে সংগ্রহের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে তন্মধ্যে ১৩৭৪.১০০ মেঃ টন চাল সংগ্রহ করা হয়েছে। অবশিষ্ট চাল সংগ্রহের অপেক্ষায় আছে। ৩। গত ২০ জানুয়ারী, ২০২২ হতে অদ্যাবধি ওএমএস কার্যক্রমে চাল ও আটা বিক্রি অব্যাহত রয়েছে। এ পর্যন্ত মোট ৬৯২ মেঃ টন চাল ও ২৭২ মেঃ টন আটা প্রতিদিন ০৪ জন ডিলারের মাধ্যমে বিক্রয় করা হয়েছে। ৪। ফেব্রুয়ারী, ২০২২ মাসে ভিজিডি খাতে ৭৭.৯৪০ মেঃ টন চাল, কাবিখা (সাধারণ) খাতে ৪৭.৬০৫ মেঃ টন চাল এবং কাবিখা (বিশেষ) খাতে ২৭৩.৫০০ মেঃ টন চাল বিতরন করা হয়েছে।		
১১	**বন ও পরিবেশ বিষয়ক কমিটি ঃ** উপজেলা বন বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে । উপজেলার পুনির্মাগাতী ইউনিয়নের অর্ন্তগত ঝপঝপিয়া হতে ধামাইকান্দি পর্যন্ত ১.০০ কিঃ মিঃ বাগানের গাছ বিক্রয় সম্পন্ন হয়েছে। সরকারি সিদ্ধান্ত মোতাবেক বাগান সৃজনে জড়িত উপকারভোগী সদস্যদের মাঝে চেক বিতরণ কার্যক্রম পক্রিয়াধীন আছে। খুব শীঘ্রই চেক বিতরণ করা হবে। এ বছর উক্ত ফাকা স্থানে পুনরায় বক্ষ রোপন করা হবে। এছাড়া শ্রীকোলা হতে পুর্নিমাগাতী পর্যন্ত বাগানের গাছ বিক্রয়ের নিমিত্তে মার্কিং করা হয়েছে। কিছু দিনের মধ্যেই টেন্ডার আহবানের মাধ্যমে উক্ত গাছ বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। করাত কলের উপর মোবাইল কোর্ট পরিচালনা করা প্রয়োজন। উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতা কামনা করেন।	উপজেলার ইউনিয়ন পর্যায়ের সরকারি রাস্তায় বনজ ও বজ্রপাত নিরোধক বৃক্ষ রোপন নিশ্চিত করতে হবে। উপজেলা পরিষদের অভ্যান্তরে আরও ১৫-২০ টি ঝুকিপূর্ণ ইউকলেপটাস গাছ জরুরী ভিত্তিতে কর্তণের প্রয়োজনীয় বিধিগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া
১২	**উপজেলা পরিষদের আয়-ব্যয়ের উপর আলোচনা ঃ** উপজেলা পরিষদের আয় ব্যয়ের উপর আলোচনা করা হয়। আলোচ্য ফেব্রুয়ারী/২০২২ মাসে সম্ভাব্য মোট ২৫০০০০/- টাকা রাজস্ব খাতে আয় হবে এবং ব্যয় হবে আনুষাংগিক খাতে ৪০,০০০/- টাকা। উপজেলা পরিষদের আবাসিক ভবন মল্লিকায় টুকিটাকি মেরামত বাবদ ২৫,০০০/- (পচিশ হাজার) টাকার ০৩টি বিল ভাউচারে মোট ৭৫,০০০/- টাকা পরিশোধ করা প্রয়োজন। বাংলা ১৪২৯ সালে হাট বাজার ইজারা বিজ্ঞপ্তি বিল বাবদ ভোরের দর্পন পত্রিকায় দুই ধাপের বিল বাবদ ৭১৮৪০+১০৭৭৬= ৮২৬১৬/- টাকা এবং যুগের কথা পত্রিকার দুই ধাপের বিল বাবদ ৩০৪০০+১০৬৪০ = ৪১০৪০/- টাকার বিল পাওয়া গেছে। উক্ত বিল পরিশোধ করা প্রয়োজন।	আলোচ্য ফেব্রুয়ারী/২০২২ মাসে সর্বমোট ব্যয় হবে ৪০,০০০+ ৭৫০০০+৮২৬১৬+৪১০৪০ = ২৩৮০০০/- উক্ত ব্যয় যথাযথ হওয়ায় তা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।	হিসাব সহকারী, ইউএনও অফিস
১৩	**উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া** তিনি বলেন টিকা প্রদান কার্যক্রম চলমান আছে। প্রায় ৭০% টিকা দান কার্যক্রম সম্পন্ন হয়েছে। ইউনিয়ন পর্যায়ে ওয়ার্ডে ওয়াডে গিছে গণটিকা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। গণটিকা কার্যক্রম সফল করতে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।	গণটিকা কার্যক্রম সফল করতে সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগিতা প্রদান করতে হবে।	সংশ্লিষ্ট সকলে, উল্লাপাড়া
১৪	**উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া** পরিবার পরিকল্পনা, মা শিশু, স্বাস্থ্য ও পুষ্টি সেবা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। পরিবার পরিকল্পনা বিভাগের মাঠ পর্যায়ের কর্মীদেরকে গণটিকা কার্যক্রমে সংক্রিয় অংশ গ্রহনের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।	মোহনপুর ও বড়হর পরিবার পরিকল্পনা কেন্দ্র দুটি দ্রুত সচল করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। গণটিকা কার্যক্রম সফল করতে সহযোগিতামূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া
১৫	**উপজেলা সমাজসেবা কর্মকর্তা, উল্লাপাড়া ঃ** তিনি বলেন উন্নত উপজেলা বিবেচনায় গত ০৩ বছরে বয়স্কভাতার কোন	উপজেলার প্রতিটি ইউনিয়নে বয়স্কভাতা, বিধবা	উপজেলা সমাজ সেব

	বরাদ্দ পাওয়া যায় নাই। বিধবা ভাতা, বয়স্ক ভাতা খাতে চলতি অর্থ বছরে মাত্র ৫০০ টি বরাদ্দ পাওয়া গেছে। প্রতিস্থাপনের প্রস্তাব ১০ মার্চের মধ্যে জমা দিতে হবে। প্রান্তিক জনগোষ্ঠীর পেশাজীবীদের জন্য কিছু প্রণোদনা প্রদান করা হবে।	ভাতার কতটি কার্ড প্রয়োজন তার একটি স্বচ্ছ তালিকা প্রস্তুত করে উপজেলা পরিষদের জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো	কর্মকর্তা ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া
১৬	**উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড়া** টিআর দ্বিতীয় পর্যায়ের তালিকা ০৭টি ইউনিয়ন হতে পাওয়া যায় নাই। দ্রুত তালিকা জমা প্রদানের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।	টি আর দ্বিতীয় পর্যায়ের তালিকা জরুরী ভিত্তিতে জমা প্রদান নিশ্চিত করতে হবে।	সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, উল্লাপাড়া
১৭	**উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া ঃ** ১। ভিজিডি ২০২১-২০২২ চক্রের জানুয়ারী, ২০২২ মাসের বিতরণ সম্পন্ন হয়েছে। ফেব্রুয়ারী, ২০২২ মাসের ডিও প্রদান করা হয়েছে। সঞ্চয়ের পরিমান, ৪৩,৬১,১৭০/- । ২। মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রম তহবিলের চলতি মাসের আদায় ১৫১৫০/- টাকা এবং ব্যাংক স্থিতি ৩০১০০৫/- টাকা। আইডিএ প্রকল্পের স্থিতি ১০৬০৩৫/- টাকা। ৩। সামাজিক দুরত্ব ও স্বাস্থ্য বিধি অনুসরণ করে সেলাই প্রশিক্ষণ ট্রেডে দুই ব্যাচে ৩০ জন। আইজিএ প্রকল্পের ব্লকবাটিক ট্রেডে ২৫ জন এবং বিউটিফিকেশন ট্রেডে ২৫ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। জানুয়ারী, ২০২২ মাসে ০২ টি বাল্য বিবাহ বন্ধ করা হয়েছে। কোর্ট থেকে চলতি মাসে একটি কেস এসেছে এবং প্রতিবেদন প্রদান করা হয়েছে। ইভটিজিং এর কোন ঘটনা ঘটে নাই।	প্রশিক্ষণার্থী মনোনয়নের ক্ষেত্রে উপজেলার প্রত্যন্ত অঞ্চলের আগ্রহী প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া
১৮	**চেয়ারম্যান, পঞ্চক্রোশী ইউপি** তিনি বলেন পঞ্চক্রোশী ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণের জন্য স্থান নির্বাচন করা হয়েছে। স্থানটি ইউনিয়নের মধ্যবর্তী । দ্রুত ভবন নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়া তার ইউনিয়নের ঘাটিনা হতে দমদমা পর্যন্ত রাস্তাটি প্রসস্থ করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।	সরেজমিনে তদন্ত পূর্বক পঞ্চক্রোশী ইউনিয়ন পরিষদ ভবন নির্মানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। ঘাটিনা হতে দমদমা পর্যন্ত রাস্তা মেরামতের বিষয়ে প্রতিবেদন আকারে প্রেরণ উপস্থাপন করতে হবে।	উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া
	সলপ রেল স্টেশন সংলগ্ন বাংলাদেশ রেলওয়ের জায়গা অবৈধ দখল হচ্ছে। রেলওয়ের জাগয়া দখলমুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানান।	রেলওয়ের জাগয়া দখলমুক্ত করার জন্য বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রশাসন, উল্লাপাড়া
	চেয়ারম্যান, সলঙ্গা ইউপি : তিনি বলেন তার ইউনিয়নের সলঙ্গা হতে বোয়ালিয়া রাস্তার কামারখালী হতে সিংগা হয়ে জগজীবনপুর আলমের দহ পর্যন্ত রাস্তাটি মেরামত/নির্মানের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।	সরেজমিনে তদন্ত করে বর্ণিত রাস্তাটি মেরামত/নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া
	চেয়ারম্যান, বড়পাঙ্গাসী ইউপি তিনি বলেন তার ইউনিয়নের একটি রাস্তা ঢালাই কেটে সিসি ব্লক নির্মাণ করা প্রয়োজন।	সরেজমিনে তদন্ত পূর্বক প্রয়োজীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে	উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া
	চেয়ারম্যান, হাটিকুমরুল ইউপি তিনি বলেন হাটিকুমরুল ইউনিয়ন পরিষদের সামনের বাউন্ডারী ওয়াল মহাসড়ক সম্প্রসারণ করণের কাজে অধিগ্রহণ পূর্বক ভাঙ্গা হয়েছে। ক্ষতিপূরণ বাবদ অর্থ অদ্যাবধি পাওয়া যায় নাই। এছাড়া রশিদপুর থেকে		

	চড়িয়াশিকার পর্যন্ত রাস্তা দ্রুত মেরামত করা প্রয়োজন। **চেয়ারম্যান, মোহনপুর ইউপি** বর্দ্ধনগাছা মাঠ হতে কবরস্থান পর্যন্ত রাস্তা মেরামত করা হয়েছে। মোহনপুর ইউনিয়ন পরিষদের কয়েকটি গাছ জরুরী ভিত্তিতে কর্তন করা প্রয়োজন। গাছ কাটার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ জানান। **চেয়ারম্যান, বড়হর ইউপি** তিনি বলেন তার ইউনিয়নে পাগলা বোয়ালিয়া উচ্চ বিদ্যালয়ে ভবন নির্মাণের কাজ অদ্যাবধি সম্পন্ন হয় নাই। দ্রুত বিদ্যালয়ের নির্মাণ কাজ সম্পন্ন করতে সংশ্লিষ্ট ঠিকাদারকে নির্দেশনা প্রদানের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়াকে অনুরোধ জানান।		
১৯	**উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া ঃ** সভায় দপ্তর ভিত্তিক বিগত ০৮ (আট) বছরে সরকারের কোন কোন উন্নয়ন কর্মকান্ড সম্পন্ন হয়েছে সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কর্মকর্তাগণকে তাদের স্ব স্ব দপ্তরের বিগত ০৮ বছরের উন্নয়নমূলক কাজের একটি সার সংক্ষেপ প্রস্তুত পূর্বক আগামী মাসিক সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়। ২। বাংলা ১৪২৯ সালে উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন হাট বাজার সমূহের মধ্যে হতে প্রথম দফায় ইজারাকৃত ১৭ টি হাট বাজারের মধ্যে ইউনিয়ন পরিষদের জন্য সংরক্ষিত হাট বাজার হিসেবে রামকৃষ্ণপুর ইউনিয়নের উনুখা হাট, বাঙ্গালা ইউনিয়নের প্রতাপ হাট, উধুনিয়া ইউনিয়নর উধুনিয়া হাট, দূর্গানগর ইউনিয়নের রাজমান হাট, পুর্নিমাগাতী ইউনিয়নের পুঠিয়া হাট, সলঙ্গা ইউনিয়নের চৌবিলা হাট, হাটিকুমরুল ইউনিয়নের হাটিকুমরুল হাট, বড়হর ইউনিয়নের পূর্বদেলুয়া হাট, পঞ্চক্রোশী ইউনিয়নের বন্যাকান্দি হাট বাজারসমূহের ৪১% অর্থ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগনের অনুকূলে পরিশোধের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	দপ্তর ভিত্তিক সরকারের উন্নয়ন কর্মকান্ডের বিগত ০৮ (আট) বছরের তথ্য চিত্র আগামী মাসিক সভায় উপস্থাপন নিশ্চিত করতে হবে। ২। বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন পরিষদের জন্য সংরক্ষিত হাট বাজারসমূহের বাংলা ১৪২৯ সালের ইজারালব্ধ আয়ের ৪১% অর্থ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের অনুকূলে পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।	বিভাগীয় কর্মকর্তা (সকল), উল্লাপাড়া হিসাব সহকারী, ইউএনও অফিস
২০	**ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া** তিনি বলেন উপজেলা প্রকৌশল দপ্তরের অধীনে কিছু কিছু কাজের টেন্ডার হয়েছে কিন্তু কাজ অদ্যাবধি শুরু হয় নাই। কাজগুলো দ্রুত শুরু করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে নির্দেশনা প্রদান করতে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। বড়পাঙ্গাসী ইউপিতে দুটি সাব সাবমারসিবল পাম্প স্থাপনের জন্য টেন্ডার আহবান করা হয়েছিল। অদ্যাবধি সাবমারসিবল পাম্প দুটি স্থাপন করা হয় নাই। বিএডিসি এর অধীনে উপজেলার বিভিন্ন স্থানে কালভার্ট স্থাপনের জন্য বরাদ্দ পাওয়া গেছে। কালভার্ট স্থাপনের কাজের অগ্রগতি কতটুকু সে বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।	উপজেলা প্রকৌশল দপ্তরের অধীনে টেন্ডারকৃত কাজগুলো দ্রুত শুরু করতে হবে। বিএডিসি, উল্লাপাড়া এর অধীনে উপজেলায় বিভিন্ন স্থানে কালভার্ট স্থাপনের কাজের অগ্রগতি বিষয়ে আগামী সভায় বিস্তারিত তথ্য উপস্থাপন করতে হবে।	উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া সহকারী প্রকৌশলী, বিএডিসি উল্লাপাড়া
২১	**চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া ঃ** ১। সভাপতি, উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। বিভাগীয় কর্মকর্তা এবং জনপ্রতিনিধিদের নিজ নিজ দায়িত্ব আন্তরিকতার সাথে পালন করার অনুরোধ জানান। সেই সাথে সকল উন্নয়ন প্রকল্পের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।		অফিসার ইনচার্জ,

	২। উপজেলায় কিশোর বাইক রাইডারদের দৌরাত্ম বৃদ্ধি পেয়েছে। কিশোর বাইক রাইডারদের ড্রাইভিং লাইসেন্স নিশ্চিত করার মাধ্যেমে তাদের দৌরাত্ম বন্ধ করার অনুরোধ জানান।	কিশোর বাইক রাইডারদের ড্রাইভিং লাইসেন্স ও গাড়ীর লাইসেন্স নিশ্চিত করতে হবে।	উল্লাপাড়া মডেল থানা/সলঙ্গা থানা
২২	**মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫ সিরাজগঞ্জ ৪** সভায় উপস্থিত মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫ সিরাজগঞ্জ ৪ বলেন উপজেলার সার্বিক উন্নয়নে টিমে কাজ করার ধারা অব্যাহত রাখতে হবে। উপজেলার সলঙ্গা ইউনিয়নের সার্বিক উন্নয়নে পিছিয়ে আছে মর্মে উল্লেখ করে সলঙ্গা ইউনিয়নের সার্বিক উন্নয়ন তরান্বিত করতে প্রয়োজনীয় প্রকল্প গ্রহণ করতে হবে। উপজেলা যুব উন্নয়ন দপ্তর হতে প্রশিক্ষণ প্রাপ্ত হয়ে স্বনির্ভর হয়েছে এমন যুব/যুব মহিলাদের তালিকা প্রস্তুত পূর্বক উপজেলা পরিষদের প্রেরণ করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়াকে নির্দেশনা প্রদান করেন। উপজেলা মহিলা বিষয়ক দপ্তরের অধিনে চলমান প্রশিক্ষণ কার্যক্রমে প্রশিক্ষণার্থী বাছাইয়ের ক্ষেত্রে উপজেলার প্রত্যন্ত অঞ্চলের প্রশিক্ষণার্থীদের অগ্রাধিকার প্রদান করতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়াকে নির্দেশনা প্রদান করেন। সেই সাথে প্রশিক্ষণার্থী বাছাইয়ের কাজে মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়াকে সম্পৃক্ত করার পরামর্শ প্রদান করেন।	উপজেলা যুব উন্নয়ন দপ্তর হতে প্রশিক্ষণ প্রাপ্ত হয়ে স্বনির্ভর হয়েছে এমন যুব/যুব মহিলাদের তালিকা প্রস্তুত পূর্বক উপজেলা পরিষদের প্রেরণ নিশ্চিত করতে হবে। উপজেলা মহিলা বিষয়ক দপ্তরের অধিনে চলমান প্রশিক্ষণ কার্যক্রমে প্রশিক্ষণার্থী বাছাইয়ের ক্ষেত্রে উপজেলার প্রত্যন্ত অঞ্চলের প্রশিক্ষণার্থীদের অগ্রাধিকার প্রদান করতে হবে	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(বীর মুক্তিযোদ্ধা মোঃ শফিকুল ইসলাম)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উল্লাপাড়া, সিরাজগঞ্জ

নম্বর ০৫.৪৩.৮৮৯৪.০০৫.০৬.০০২.১৬-২৩৪ তারিখ : ২৭-০২-২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫ সিরাজগঞ্জ ৪, উল্লাপাড়া।
২। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৬। মেয়র, উল্লাপাড়া পৌরসভা।
৭। উপজেলা ---কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৮। চেয়ারম্যান, -- উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৯। অফিস কপি।

27/02/2022
(দেওয়ান মওদুদ আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।